
ZAYTOON
BUSINESS SOLUTIONS

# ভিলেজ ডিজিটাল বুথ




ZAYTOON
BUSINESS SOLUTIONS
a2i
ekpay

# ভিলেজ ডিজিটাল বুথ




- মোবাইল আর্থিক সেবা/টপআপ সেবা প্রদানকারী
- এজেন্ট ব্যাংকিং উদ্যোক্তা
- দোকানদার
- ক্ষুদ্র ব্যবসায়ী
- উদীয়মান উদ্যোক্তা
- আর্থিক সেবা পরিচালনায় আগ্রহী যে কোন শিক্ষিত যুবক যুবতী

## আর্থিক অন্তর্ভুক্তির সংজ্ঞা

আর্থিক পরিষেবা থেকে বঞ্চিত ও সীমিত পরিষেবাপ্রাপ্ত জনগোষ্ঠীসহ সকল ব্যক্তি ও ব্যবসায়িক উদ্যোগসমুহের জন্য একটি সুনিয়ন্ত্রিত, স্বচ্ছ, দক্ষ এবং প্রতিযোগীতামূলক আর্থিক বাজারের মাধ্যমে সাধ্যের মধ্যে সাশ্রয়ীমূল্যে মানসম্মত, সহজপ্রাপ্য ও ঝুঁকি নিরসনের সুযোগ সম্বলিত প্রযুক্তিভিত্তিক আর্থিক পরিষেবা প্রাপ্তির অভিগম্যতা ও ব্যবহারের সক্ষমতা।

## এসডিজি এবং জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশলপত্রে আর্থিক অন্তর্ভুক্তির কিছু লক্ষ্য ও অভীষ্ঠ

- প্রতি ১.০০ লক্ষ পূর্ণ বয়স্ক মানুষের জন্য ব্যাংকের শাখা ও এটিএম মেশিন নিশ্চিত করা। ১৫ বছর ও তদুর্ধ সকল মানুষের জন্য ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা মোবাইল আর্থিক প্রতিষ্ঠানে হিসাব খোলা নিশ্চিত করা (এসডিজি গোল ৮, টার্গেট ১০);
- ২০৩০ সালের মধ্যে রেমিটেন্স প্রেরণের খরচ ৩% এর নীচে নিয়ে আসা এবং ৫% এর বেশি খরচ সংশ্লিষ্ঠ রেমিটেন্স করিডোর বন্ধ করে দেয়া (এসডিজি গোল ১০, টার্গেট ১০সি);
- ২০২৬ সালের মধ্যে সকল ধরণের ব্যাংক হিসাব, মোবাইল আর্থিক সেবা হিসাব এবং অন্যান্য রেগুলেটেড আর্থিক পরিষেবার হিসাবসমুহের জন্য ই-কেওয়াইসি প্রবর্তন নিশ্চিত করা (জা: আ: অ: কৌ গোল-১, টার্গেট-১);
- হিসাব খোলার প্রক্রিয়াটি সকলের জন্য সহজতর এবং সুবিধাজনক করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা (জা: আ: অ: কৌ গোল-১, টার্গেট-৬);
- সকল মোবাইল আর্থিক সেবা হিসাব, ব্যাংক হিসাব এবং ইলেক্ট্রনিক ওয়ালেটের মধ্যে আন্ত:লেনদেনের সুযোগ নিশ্চিত করা (জা: আ: অ: কৌ গোল-২, টার্গেট-২);
- সামাজিক নিরাপত্তা ভাতাসমুহসহ সকল সরকারী পেমেন্ট (পিটুজি, জিটুপি) এবং সকল বিটুপি পিটুবি পেমেন্টকে ইলেক্ট্রনিক আর্থিক পরিষেবা হিসাব (ব্যাংক ও এমএফএস হিসাব উভয়ই) এর আওতায় নিয়ে আসা (জা: আ: অ: কৌ গোল-২, টার্গেট-৬);
- নারী, চরমভাবে দুস্থ ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী, যেমন প্রতিবন্ধী, বিশেষ প্রতিবন্ধকতা সম্পন্ন শিশু, বন, উপকূল, হাওর ও পাহাড়ী অঞ্চলে বসবাসরত দরিদ্র ও অবহেলিত জনগোষ্ঠীসহ চা শ্রমিক, ভাসমান সম্প্রদায়, বস্তিবাসী, প্রাক্তন ছিটমহল এলাকা , দুর্বল অবকাঠামো সম্বলিত এলাকার জনসাধারণের আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করা (জা: আ: অ: কৌ গোল-৫, টার্গেট-৩জি);

# ভিলেজ ডিজিটাল বুথ কি ?

গ্রাম ডিজিটাল বুথ হলো প্রতি গ্রামে একটি সুরক্ষিত স্থানে স্থাপিত একটি ঘর যেখানে কিছু ইলেক্ট্রনিক ডিভাইস (কম্পিউটার/ল্যাপটপ / পিওএস ম্যাশিন / মোবাইল / বায়োমেট্রিক ডিভাইস ইত্যাদি) সংরক্ষিত থাকবে এবং সেখান হতে গ্রাহকদের বিভিন্ন ধরণের আর্থিক সেবা/সরকারী পরিষেবা মূল্য পরিশোধ/বিভিন্ন ধরণের বিল পরিশোধ/ই-কমার্স/টেলিমেডিসিনসহ বিভিন্ন ধরণের ই-সেবা ডিজিটাল ব্যবস্থায় প্রদান করা হবে। এ বুথটি গ্রামের একজন সক্ষম নারী/পুরুষ পরিচালনা করবেন। এ স্থানটি হতে পারে কোন দোকানের অংশ বা কোন বাড়ির একাংশ বা পৃথকভাবে নির্মিত একটি সুরক্ষিত ঘর। প্রস্তাবিত বুথ স্থাপনের জন্য সরকার বা অন্য কোন উৎস্য হতে কোন অনুদান বা অর্থ প্রদান করা হবে না। গ্রামের একজন উৎসাহী ব্যক্তি যিনি এ নতুন ব্যবসার উদ্যোক্তা হতে চান তিনি নিজ উদ্যোগে তৈরী করবেন।

## লক্ষ্য ঃ

এসডিজি'র লক্ষ্যসমুহ অর্জনের লক্ষ্যে সকল আর্থিক সেবা জনগনের কাছে সহজলভ্য করার মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

## উদ্দেশ্য ঃ

বাংলাদেশের প্রতিটি গ্রামে ডিজিটাল বুথ স্থাপনের মাধ্যমে পল্লী এলাকায় বসবাসকারী সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে প্রযুক্তি নির্ভর আর্থিক সেবার আওতায় নিয়ে আসা।

## সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

- দেশের প্রতিটি গ্রামে একজন উদ্যোক্তার মাধ্যমে একটি ডিজিটাল বুথ স্থাপন;
- ব্যাংকিং ও অন্যান্য আর্থিক সেবা ডিজিটাল বুথ হতে প্রদান করা;
- ব্যাংক ব্যবস্থার বাহিরে থাকা ব্যাপক সংখ্যক জনগণ (১৫ বছর ও তদুর্ধ) কে ব্যাংক ব্যবস্থার মধ্যে নিয়ে আসা;
- প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিটেন্স গ্রামে বসে আত্মীয়স্বজনেরা যাতে পায় সে ব্যবস্থা করা;
- যে কোন সরকারী পরিষেবার বিল (যা অনলাইনে প্রদান সম্ভব) গ্রামে বসে পরিশোধের ব্যবস্থা করা;
- গ্রামের উৎপাদনকারীরা যাতে গ্রামে বসে তাদের বিক্রিত মালামালের অর্থ পান তার ব্যবস্থা করা;
- অনলাইনে বিক্রিত পণ্যের (ই-কমার্স) ডিজিটাল বুথের মাধ্যমে গ্রাম পর্যায়ে বুথের মাধ্যমে গ্রাহকের নিকট পৌছানো নিশ্চিত করা;
- ছাত্র ছাত্রী/অভিভাবকগণ শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড বা বিশ্বদ্যিালয়ের বিভিন্ন ফি যাতে গ্রামে বসে প্রদান করতে পারেন তার ব্যবস্থা করা;
- এজেন্ট ব্যাংকিং উদ্যোক্তা হয়ে ব্যাংকিং সেবা প্রদান করা;
- আন্তঃ ব্যাংক লেনদেন, ব্যাংক-মোবাইল আর্থিক প্রতিষ্ঠান (বিকাশ, নগদ, রকেট ইত্যাদি অনুরুপ) লেনদেন, মোবাইল আর্থিক প্রতিষ্ঠান সমুহের মধ্যে আন্তঃ লেনদেন ব্যবস্থা করা;
- গ্রামে বসে বুথের মাধ্যমে শহরের ডাক্তারের পরামর্শ (টেলিমেডিসিন) গ্রহণের ব্যবস্থা করা;
- শেয়ার ব্যবসা, বিভিন্ন বীমা প্রতিষ্ঠানের সেবা গ্রাম পর্যায়ে সহজলভ্য করা; ইত্যাদি

## এজেন্ট ব্যাংকিং এর সাথে এর পার্থক্য

বর্তমানে সারাদেশে বিশেষ করে ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন ব্যাংকের একাধিক এজেন্ট বুথ প্রতিষ্ঠিত হয়েছে। এ গুলির উদ্যোক্তাগণ স্ব স্ব ব্যাংকের এজেন্ট হিসাবে ঐ নির্দিষ্ট ব্যাংকের বিভিন্ন ব্যাংকিং সেবা প্রদান করছেন। এ সেবার একটি সীমাবদ্ধতা হলো স্ব স্ব ব্যাংকের ব্যাংকিং সেবার বাহিরে কোন সেবা সেখানে পাওয়া যায় না। ডিজিটাল প্রযুক্তির এ যুগে গ্রামের মানুষকে বিভিন্ন আর্থিক সেবা গ্রহনের জন্য বিভিন্ন স্থানে যাতায়াত করতে হয়। এ জন্য অনেক সময় ও অর্থ ব্যয় করতে হয়। পৃথিবীর অনেক দেশে বিভিন্ন আর্থিক সেবা এক প্লাটফর্মে এক জায়গা হতে দেয়া হচ্ছে। জয়তুন বিজনেস সলুশনস সরকারের এটুআই প্রকল্পের সাথে যৌথ অংশীদারিত্বে প্রতি গ্রামে এক স্থান হতে দেশের সকল ব্যাংকের আর্থিক সেবা ও অন্যান্য ই-সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। প্রস্তাবিত গ্রাম ডিজিটাল বুথ হতে দেশের সকল ব্যাংকের সকল ধরণের আর্থিক সেবা এবং দেশে প্রচলিত অন্যান্য ই-সেবাসমুহ ডিজিটাল ব্যবস্থায় ডিজিটাল বুথ হতে প্রদান করা যাবে। গ্রামের মানুষকে আর্থিক সেবা গ্রহণের জন্য আর দুরবর্তীস্থানে যাতায়াত করতে হবে না।

## পেমেন্ট এগ্রিগেশন প্লাটফর্ম

ekpay

একপে সরকারের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের একটি ডিজিটাল পেমেন্ট প্লাটফর্ম। জয়তুন বিজনেস সলুশনস এটুআই এর সাথে যৌথ উদ্যোগে এ প্লাটফর্মটি সাধরণ মানুষের দোর গোড়ায় নিয়ে যাবার লক্ষ্যে একসাথে কাজ করছে। এ লক্ষ্যে ইতিমধ্যে উভয়পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। জয়তুন বিজনেস সলুশনস দেশের প্রতিটি গ্রামে একজন করে উদ্যোক্তা নির্বাচন করবে। উদ্যোক্তা জয়তুনের নির্দেশনা মোতাবেক একটি ডিজিটাল বুথ নির্মান করবে। এটুআই উদ্যোক্তাকে একপে'র প্রয়োজনীয় সংযোগ প্রদান করবে। এভাবে জয়তুন বিজনেস সলুশনস ও এটুআই দেশের প্রথম পেমেন্ট এগ্রিগেশন প্লাটফর্ম হিসেবে একপে সেবা সাধারণ মানুষের কাছে লভ্য করে তুলবে।

## ডিজিটাল বুথ উদ্যোক্তা ঃ

যেহেতু প্রস্তাবিত গ্রাম ডিজিটাল বুথের মাধ্যমে আর্থিক সেবা প্রদান করা হবে সেহেতু উদ্যোক্তা নির্বাচন প্রক্রিয়া হবে অত্যন্ত কঠোর এবং স্বচ্ছ। এজেন্ট ব্যাংকিং উদ্যোক্তা হবার জন্য যে কঠোর নিয়মকানুন প্রযোজ্য এ ক্ষেত্রেও প্রায় একইরকম নিয়ম অনুসরণ করতে হবে। উদ্যোক্তাকে প্রথমে জয়তুন বিজনেস সলুশনস এর নিকট হতে অনলাইনে আবেদন করে নির্বাচিত হতে হবে। জয়তুন বিজনেস সলুশনস এর নিকট হতে অনুমোদন পেলে বুথ স্থাপনের যাবতীয় অবকাঠামোগত স্থাপনা নিজ উদ্যোগে সম্পন্ন করতে হবে।

## একজন উদ্যোক্তার যোগ্যতা ঃ

- অন্তত:পক্ষে এইচএসসি পাশ হতে হবে;
- উদ্যোক্তাকে তার এনআইডি তে উল্লিখিত গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। অর্থাৎ নিজ গ্রাম ছাড়া অন্য কোথাও উদ্যোক্তা হতে পারবেন না;
- আর্থিক সচ্ছলতা ও নগদ অর্থ পরিশোধের সামর্থ থাকতে হবে;
- ডিজিটাল বুথ স্থাপনের প্রয়োজনীয় নিরাপদ অবকাঠামো থাকতে হবে;
- প্রযুক্তি নির্ভর ডিজিটাল আর্থিক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;
- যে কোন প্রতিকুল অবস্থায় গ্রাহককে সেবা প্রদানে অঙ্গীকারাবদ্ধ হতে হবে;
- উদ্যোক্তাকে এলাকায় একজন ভাল প্রকৃতির স্বচ্ছ ইমেজের ভাল মানুষ হিসেবে পরিচিতি থাকতে হবে যার বিরুদ্ধে রাষ্ট্রবিরোধী বা ফৌজদারী অভিযোগের কোন ইতিহাস বা তথ্য নেই;
- আর্থিক সেবা সম্পর্কিত সার্বিক নিরাপত্তা সচেতনতা থাকতে হবে;
- কাজের প্রতি অঙ্গীকরাবদ্ধ হতে হবে এবং ব্যবসা প্রতিষ্ঠার মানসিকতা থাকতে হবে;
- নিজ কাজের প্রতি সততা, পেশাদারিত্ব থাকতে হবে এবং নীতিবান হতে হবে;
- সর্বোপরি জয়তুন বিজনেস সলুশনস এর নিয়ম কানুনের প্রতি অনুগত এবং প্রতিষ্ঠানের সুনাম বজায় রাখার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।

## প্রয়োজনীয় কাগজপত্র ঃ

১. জাতীয় পরিচয়পত্র;

২. পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি;

৩. শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

৪. ট্রেড লাইসেন্সের কপি (যদি থাকে);

৫. আয়কর/ভ্যাট রেজিস্ট্রেশন সনদ (যদি থাকে);

৬. জয়েন্ট স্টক কোম্পানীর রেজিস্ট্রেশনের ক্ষেত্রে কোম্পানীর সংঘ স্মারক;

৭. ব্যাংক সলভেন্সি সনদপত্র;

৮. পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র;

৯. স্থানীয় (নিজ গ্রাম) দুজন গন্য মান্য ব্যক্তির প্রত্যয়নপত্র।

## উদ্যোক্তা বাছাইয়ে নিম্নোক্ত শ্রেণীর ব্যক্তি অগ্রাধিকার পাবেন ঃ

- বর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি যিনি তার গ্রামে স্থায়ীভাবে বসবাস করেন;
- মোবাইল আর্থিক সেবা/টপআপ সেবা প্রদান করছেন এমন ব্যক্তি;
- কোন ব্যাংকের এজেন্ট হিসেবে কাজের অভিজ্ঞতা আছে বা এখন কাজ করছেন এমন ব্যক্তি;
- গ্রামের কোন নিত্যপণ্য বিক্রয়কারী/দোকানদার যার দোকানে প্রয়োজনীয় নিরাপত্তা অবকাঠামো বিদ্যমান;
- গ্রামে স্থায়ীভাবে ক্ষুদ্র/মাঝারী ব্যবসা করেন এবং প্রস্তাবিত সেবা প্রদান করতে আগ্রহী এমন ব্যক্তি;
- উদীয়মান উদ্যোক্তা যিনি ডিজিটাল আর্থিক সেবায় আগ্রহী এবং এ পেশায় জীবিকা গঠণে আগ্রহী;
- যে কোন শিক্ষিতা নারী/গৃহবধু যিনি এ পেশার প্রতি প্রতিশ্রুতিশীল এবং জীবিকা গঠণে আগ্রহী;

# উদ্যোক্তার দায়িত্ব ঃ

- একজন উদ্যোক্তা সর্বদা চিন্তা ও চেতনায় নিজের ও সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতি সৎ, পেশাদার ও নীতিবান হবেন;
- ডিজিটাল বুথ হতে যে সকল সেবা প্রদান করা হবে সে সম্পর্কে সঠিক জ্ঞান অর্জন করবেন এবং প্রশিক্ষণ গ্রহণ করবেন;
- সেবা গ্রহীতাকে সকল সময়ে সম্মানের সাথে দেখবেন এবং সেভাবে অত্যন্ত নমনীয়ভাবে আচরণ করবেন। মনে রাখতে হবে সেবা গ্রহীতাগণই উদ্যোক্তার জীবিকার উৎস্য;
- ডিজিটাল বুথ এবং সেখানে স্থাপিত ইলেক্ট্রনিক ডিভাইসসমুহের প্রতি যত্নশীল হবেন। সর্বদা পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি নজর রাখবেন;
- প্রাপ্ত সেবাসমুহের তালিকা এবং সেবামূল্য সকলের প্রদর্শনের জন্য উন্মুক্ত স্থানে টানিয়ে রাখবেন;
- ইলেক্ট্রনিক ডিভাইস এর পাসওয়ার্ড (যদি থাকে), বুথে ব্যবহৃত বিভিন্ন সফটওয়ার/এ্যাপের পাসওয়ার্ড সর্বদা গোপন ও নিরাপদ রাখবেন। কোন অবস্থাতেই পাসওয়ার্ড কারও সাথে শেয়ার করা যাবে না;
- সকল লেনদেনের রেকর্ড (সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতি) পৃথকভাবে সংরক্ষণ করবেন যাতে কোন অডিট দল চাইলেই সাথে সাথে দেখানো যায়;
- বুথের আওতায় প্রদানকৃত/বিতরণকৃত ঋণসমুহের সঠিক ব্যবহার নিশ্চিত ও তা যথাসময়ে আদায়ে জোর মনিটরিং করবেন এবং রেকর্ড রাখবেন;
- সর্বোপরি একজন ডিজিটাল বুথ উদ্যোক্তাকে অত্যন্ত ধৈর্য্যশীল হতে হবে কারণ প্রস্তাবিত সেবা একত্রীকরণ কাজ মানুষের নিকট জনপ্রিয় করতে এবং বিভিন্ন সেবা জয়তুনের প্লাটফর্মে আনতে সময়ের প্রয়োজন হবে।

## একজন উদ্যোক্তার যে সকল যন্ত্রপাতির প্রয়োজন হবে ঃ

**কম্পিউটার/ল্যাপটপঃ** ডেস্কটপ কম্পিউটার বা ল্যাপটপ যে কোন একটি যার অপারেটিং সিস্টেম ৬৪ বিট প্রসেসর সাপোর্ট করে;

**ইন্টারনেট সংযোগঃ** এ সংযোগটি তারসহ বা তার বিহিন  (মোবাইল ডাটা) হতে পারে। তবে তার সংযোগে স্পীড বেশি পাওয়া যায় ও খরচ কম। যেখানে এ সুবিধা নেই সেখানে মোবাইল ডাটা ব্যবহার করতে হবে;

**পিওএস (POS) ম্যাশিনঃ** এটি আকারে ছোট এবং হাতে ধরা যায় এমন একটি যন্ত্র যা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড হতে পেমেন্ট গ্রহণ করতে পারে (এ ম্যাশিনটি সেবাদানকারী প্রতিষ্ঠান স্বল্প মূল্যে সরবরাহের ব্যবস্থা করবে);

**বায়োমেট্রিক ডিভাইসঃ** এটি ছোট আকারের একটি স্ক্যানার যা দিয়ে হাতের আঙ্গুলের ছাপ রেকর্ড করা যায়;

**এন্ড্রয়েড মোবাইল ফোন সেটঃ** বর্তমানে এন্ড্রয়েড মোবাইল সেট কম্পিউটারের বিকল্প হিসেবে ব্যবহার করা যায়। তাই একটি উন্নত মানের মোবাইল সেট ডিজিটাল আর্থিক সেবা প্রদানে অত্যন্ত কার্যকর;

**ওয়েবক্যামঃ** এটি একটি ক্যামেরা যা কম্পিউটারের সাথে ব্যবহার করতে হয়। তবে এখন এটি কম্পিটারের/লাপটপের সাথে সংযুক্ত থাকে;

**স্ক্যানারঃ** পৃথক স্ক্যানার ম্যাশিন থাকলে সেবাগ্রহীতাদের অনেক ডকুমেন্ট স্ক্যান করতে ব্যবহার করা যায় যাতে সেবা প্রদান সহজ হয়। বর্তমানে এন্ড্রয়েড মোবাইল ফোনে ক্যামস্ক্যানার এ্যাপ দিয়েও কাজটি করা যায়;













# ডিজিটাল বুথ হতে যে সকল সেবা দেয়া যাবে ঃ

ডিজিটাল বুথ হবে একটি পেমেন্ট সার্ভিস প্লাটফর্ম। বিভিন্ন দেশে সকল আর্থিক ও অন্যান্য ই-সেবা এক প্লাটফর্ম হতে দেয়া হচ্ছে। বাংলাদেশে এ সেবা এখনও শুরু হয়নি। জয়তুন বিজনেস সলুশনস সরকারের এটুআই প্রকল্পের ekpay সেবাকে সেবা একত্রীকরণের প্লাটফর্ম হিসেবে সাধারণ মানুষের দোরগোড়ায় নিয়ে আসছে। সরকার তথা বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে যে 'বিনিময়' নামে যে আন্ত:সেবা প্লাটফর্ম চালু করেছে সেটিও ekpay 'র সাথে যুক্ত হচ্ছে। এ ছাড়া বিদ্যমান ন্যাশনাল পেমেন্ট সার্ভিসসহ যাবতীয় ব্যাংকিং সেবা যুক্ত থাকবে। ডিজিটাল বুথ হতে যে সকল সেবা দেয়া যাবে তার একটি সংক্ষিপ্ত বিবরণ নীচে দেয়া হলোঃ

১. **ডেবিট/ক্রেডিট কার্ড পেমেন্ট সেবাঃ** এ সেবা পেতে হলে এটিএম/পিওএস প মেশিনের প্রয়োজন হয় যা গ্রাম বা উপজেলা পর্যায়ে সহজলভ্য না বা একেবারেই পাওয়া যায় না। শহর থেকে কেউ গ্রামে বেড়াতে বা কাজে গেলে তার কাছে যদি ডেবিট/ক্রেডিট কার্ড থাকে তাহলে তিনি প্রয়োজন হলে সে কার্ড ব্যবহার করতে পারবেন না। এ সেবা গ্রহণ করতে তাকে শহর এলাকায় যেতে হবে। কিন্তু জয়তুন বিজনেস সলুশনস এর উদ্যোগে স্থাপিত ডিজিটাল বুথে যে একটি পিওএস মেশিন স্বল্পমূল্যে সরবরাহ করা হবে সে মেশিন দিয়ে বুথ উদ্যোক্তা ডেবিট/ক্রেডিট কার্ড গ্রহণ করে অর্থ প্রদান করতে পারবেন। এ অর্থ কার্ড এর মালিকের ব্যাংক হিসাব হতে প্রয়োজনীয় কর্তন হয়ে উদ্যোক্তার নামে খোলা মার্চেন্ট আইডি/ওয়ালেটে চলে আসবে। সেবার বিনিময়ে উদ্যোক্তা নির্ধারিত সেবামূল্য গ্রহণ করতে পারবেন;

২. **কিউআর কোড পেমেন্ট সেবাঃ** বিকাশ নগদ ইত্যাদি মোবাইল আর্থিক প্রতিষ্ঠান ইতোমধ্যে কিউআর কোড সেবা চালু করেছে যা বিভিন্ন দোকান/প্রতিষ্ঠানে দেখা যায়। কিন্তু এ সেবাটি শুধুমাত্র নির্দিষ্ট একটি প্রতিষ্ঠানের পেমেন্টের জন্য প্রযোজ্য। বাংলাদেশ ব্যাংক বাংলা কিউআর সেবা নামে একটি সেবা চালু করেছে যা সাধারণের কাছে লভ্য না। জয়তুন এ সেবাকে ডিজিটাল বুথের মাধ্যমে সাধারণ মানুষের দোরগোড়ায় নিয়ে আসছে। সেবা গ্রহীতা কোন ব্যক্তি তার এ্যান্ড্রয়েড মোবাইলে থাকা কিউআর কোড এ্যাপস দিয়ে বুথে থাকা কিউআর লোগো স্ক্যান করে সহজেই কোন সেবামূল্য পরিশোধ করতে পারবেন। উদ্যোক্তাকে এ সেবা প্রদানের জন্য পেমেন্ট সার্ভিস অপারেটর-এর সাথে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন করে দেয়া হবে;

৩. **ব্যাংকিং সেবাঃ** একজন সেবা গ্রহীতা বুথে এসে তার ব্যাংক হিসাব হতে অর্থ উত্তোলন করতে পারবেন, হিসাবে জমা দিতে পারবেন। তিনি যদি অন্য কারো ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ করতে চান সেটাও করতে পারবেন। বাংলাদেশের যে কোন ব্যাংকের সেবা বুথে বসে গ্রহণ করতে পারবেন। এক ব্যাংক হতে অন্যান্য ব্যাংকে অর্থ প্রেরণ করা যাবে;

৪. **মোবাইল আর্থিক সেবাঃ** বিকাশ, রকেট, নগদ ইত্যাদি হলো মোবাইল আর্থিক সেবা প্লাটফর্ম। ডিজিটাল বুথে এ সকল সেবা অন্তর্ভুক্ত থাকবে। এখানে আন্তঃ মোবাইল আর্থিক সেবা (বিকাশ হতে রকেটে, বা রকেট হতে নগদে-এ রকম), আন্তঃ ব্যাংক মোবাইল আর্থিক প্রতিষ্ঠান সেবা (বিকাশ হতে ব্যাংকে বা ব্যাংক হতে নগদে-এ রকম) প্রদান করা যাবে;

৫. **ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের সেবাঃ** বর্তমানে বাংলাদেশের প্রতিটি গ্রামে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের সেবা (ঋণ আবেদন, ঋণ বিতরণ, ঋণের কিস্তি জমা ইত্যাদি) প্রচলিত আছে এবং তা অনেক টা ম্যানুয়ালি পরিচালিত হচ্ছে। এ সেবাটি জয়তুন বিজনেস সলুশনস ডিজিটাল বুথের মাধ্যমে দেয়ার দেয়ার ব্যবস্থা করছে;

৬. **সরকারী সেবার বিল পরিশোধ সেবাঃ** বর্তমানে সরকারের বিভিন্ন ইউটিলিটি (গ্যাস, পানি, বিদ্যুত ইত্যাদি) বিল, পাসপোর্ট, এনআইডি, জন্মসনদ, ভুমি সেবা, স্থানীয় সরকারের হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ইত্যাদি সংক্রান্ত বিল অনলাইনে পরিশোধের ব্যবস্থা চালু হয়েছে। তবে সব সেবা এক যায়গায় পাওয়া যায় না। ডিজিটাল বুথে এ সকল সেবা একসাথে পাওয়া যাবে;

৭. **সামাজিক নিরাপত্তা বেষ্টনী ভাতা সেবাঃ** বর্তমানে সরকার বিভিন্ন স্তরে সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় ব্যাপকভাবে ভাতা প্রদান করছে। যেমন, মুক্তিযোদ্ধা ভাতা, বয়স্ক ভাতা, বিধভা ভাতা, ছাত্র-ছাত্রীদেও বিভিন্ন ধরণের বৃত্তি/উপবৃত্তি, ভিজিডি ভিজিএফ, কৃষকদের প্রণোদনা ইত্যাদি ভাতা প্রদান করে থাকে। এ সেবা গ্রহণে একেক জনকে একেক জায়গায় যাওয়ার প্রয়োজন হয়। ডিজিটাল বুথে এ সকল সেবা প্রদান করা সম্ভব হবে;

৮. **শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত ফি পরিশোধ সেবাঃ** স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন ফি, শিক্ষা বোর্ডের বিভিন্ন ফি, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফি বেশির ভাগ অফলাইনে প্রদান করতে হয়। পর্যায়ক্রমে এ সকল সেবা অনলাইনে চলে আসছে। এ বিষয়ে সরকারী বেসরকারী প্রতিষ্ঠান কাজ করছে। শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত যে কোন সেবার বিল ডিজিটাল বুথের মাধ্যমে প্রদান সম্ভব হবে;

৯. **শেয়ার মার্কেট/বীমা সেবাঃ** শেয়ার মার্কেট বা পুঁজি বাজারে বিনিয়োগ বিশ্বব্যাপি একটি জনপ্রিয় বিনিয়োগের জায়গা। বাংলাদেশে পুজি বাজার এখন অনলাইনে শেয়ার ক্রয় বিক্রয় করা যায়। তবে এ মার্কেটে বিনিয়োগ করতে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতার প্রয়োজন হয়। সতর্কতার সাথে এখানে বিনিয়োগ করতে পারলে ভাল লাভ করা যায়। দেশে দিন দিন এটি জনপ্রিয় হচ্ছে। কারণ সঞ্চয়পত্র, এফডিআর ইত্যাদি স্কীমে দিন দিন মুনাফা কমিয়ে দেয়া হচ্ছে। বিনিয়োগের বিকল্প জায়গার অভাব। গ্রামের শিক্ষিত ও সচেতন জনগোষ্ঠীর একাংশ আস্তে আস্তে পুজিবাজারে বিনিয়োগে আগ্রহী হচ্ছেন। ডিজিটাল সেন্টারে এ সেবা সহজ লভ্য করা হবে। পুজি বাজারে বিনিয়োগের জন্য প্রয়োজনীয় বেনিফিসিয়ারী ওনার্স (বিও) একাউন্ট খোলা, শেয়ার ক্রয় বিক্রয় করা যাবে;

**বীমা সেবাঃ** জীবন বীমা, সাধারণ বীমা সেবা গ্রহণে শহরে যাওয়া বা গ্রামে দালালের শরণাপর্ণ হওয়া ছাড়া বর্তমানে কোন উপায় নেই। এ সেবাটি গ্রামে সহজলভ্য করার জন্য বিভিন্ন বীমা কোম্পানীর সেবা ডিজিটাল বুথের মাধ্যমে গ্রামের মানুষের কাছে লভ্য করা হবে। গ্রামের একজন ব্যক্তি ডিজিটাল বুথে এসে তার পছন্দ অনুযায়ী যে কোন বীমা কোম্পানীতে তার জন্য সুবিধাজনক পলিসি ক্রয় করতে পারবেন এবং প্রিমিয়াম জমা দিতে পারবেন;

১০. **ই-কমার্স সেবাঃ** ই-কমার্স বা অনলাইনে কেনা কাটা দিন দিন জনপ্রিয় হচ্ছে। গ্রামে গঞ্জেও এখন এ সেবা পৌছে গেছে। তবে গ্রামের সাধারণ মানুষ এর সুফল এখনও পাচ্ছে না। এ সেবাকে গ্রামে জনপ্রিয় করতে ডিজিটাল বুথ ব্যবহৃত হতে পারে। গ্রামের যে কোন মানুষ ডিজিটাল বুথে এসে অনলাইন স্টোর (যেমন দারাজ, আলিবাবা ইত্যাদি) হতে পছন্দের জিনিস অর্ডার করতে পারবেন এবং ডিজিটাল সেন্টার হতে ডেলিভারী গ্রহণ করতে পারবেন। আবার গ্রামের কোন উৎপাদক তার উৎপাদিত পণ্য অনলাইন মার্কেট প্লেসে এ বুথ ব্যবহারের মাধ্যমে আপলোড করে বিক্রি ও তার মূল্য প্রাপ্তির ব্যবস্থা করতে পারবেন;

১১. **রেমিটেন্স সেবাঃ** গ্রামের যে সকল মানুষ বিদেশে/দেশের মধ্যে অন্যত্র চাকরী করেন তাদের আত্মীয় স্বজন বিদেশ/দেশের মধ্যে অন্যত্র হতে প্রেরিত অর্থ (রেমিটেন্স) গ্রহণ করতে ব্যাংক বা অন্য কোন স্থানে যান যা তাদের জন্য অসুবিধাজনক। ডিজিটাল বুথে এসে এ রেমিটেন্স সেবা সহজেই গ্রামের মানুষ গ্রহণ করতে পারবেন;

১২. **টেলিমেডিসিন সেবাঃ** ডিজিটাল বুথ হতে গ্রামে বসে শহরের ডাক্তারের সাথে অত্যন্ত স্বল্প সেবামূল্য দিয়ে পরামর্শ গ্রহণ করতে পারবেন;

১৩. **হিসাব খোলার সুবিধাঃ** যে কোন ব্যাংকে অথবা আর্থিক প্রতিষ্ঠানে বা মোবাইল আর্থিক প্রতিষ্ঠানে গ্রামের যে কোন প্রাপ্ত বয়স্ক (১৫ বছর বা তদুর্ধ বয়সী) ব্যক্তি ডিজিটাল বুথে এসে তার নামে হিসাব খুলতে পারবেন। পরে হিসাবে অর্থ লেনদেন করতে পারবেন;

১৪. মাইক্রো মার্চেন্ট বা ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র ব্যবসায়ী/উদ্যোক্তাগণ ডিজিটাল বুথের মাধ্যমে যে কোন প্রাতিষ্ঠানিক সিস্টেমে নিজের নাম অন্তর্ভুক্তি ও পরবর্তী সুবিধাসমুহ গ্রহণ করতে পারবেন;

১৫. **ডিজিটাল ব্যাংকের সেবা গ্রহণঃ** খুব শীঘ্রই দেশে ডিজিটাল ব্যাংক যাত্রা শুরু করবে যার কোন শাখা থাকবে না। শাখাবিহীন এ সকল ডিজিটাল ব্যাংকের আর্থিক সেবা ডিজিটাল বুথ হতে গ্রহণ করা যাবে;

১৬. **ই-টিকেটিংঃ** বাস, ট্রেন, বিমান ইত্যাদি পরিবহনের ই-টিকেটিং সেবা বুথ থেকে দেয়া যাবে;

১৭. **ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক সেবাঃ** সর্বোপরি দেশের প্রতিটি গ্রামে একটি করে ডিজিটাল বুথ স্থাপিত হলে এ বৃহৎ নেটওয়ার্ক দেশের বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান/সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তাদের সেবামূল্য আহরণের পয়েন্ট হিসেবে ব্যবহার করবেন বলে আশা করা যায়।

## ডিজিটাল বুথের অবকাঠামো ঃ

- প্রস্তাবিত বুথ টি একটি পাকা ঘরে স্থাপন করতে হবে;
- বুথের আয়তন  অন্তত ১০০ থেকে ৩০০ বর্গফুটের মধ্যে হতে হবে;
- সাইনবোর্ড/ব্যানার/নির্দেশিকা থাকতে হবে;
- বুথের মধ্যে বোর্ড/গ্লাস দিয়ে সার্ভিস সেন্টার তৈরী করতে হবে;
- সেবা গ্রহীতাদের বসার/অপেক্ষার জন্য প্রয়োজনীয় চেয়ার.সোফা থাকতে হবে;
- বৈদ্যুতিক সংযোগ থাকতে হবে;
- পাওয়ার ব্যাক-আপ (আইপিএস/সোলার সিস্টেম) থাকতে হবে;
- সর্বোপরি নিরাপত্তার পর্যাপ্ত ব্যবস্থা থাকতে হবে;

## ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

যে কোন ব্যবসা বা উদ্যোগের সাথে ঝুঁকি থাকাটাই স্বাভাবিক। তাই যে উদ্যোগ গ্রহণের সাথে সাথে এর ঝুকিগুলো কি এবং তা কিভাবে মোকাবেলা করা হবে তার একটি পূর্ব পরিকল্পনা গ্রহণ করা ভাল।

## একজন ডিজিটাল বুথ উদ্যোক্তা নীচের বিষয়গলো বিবেচনায় নিবেন ঃ

- নতুন ধারণা হিসেবে ব্যবসার প্রসার এবং গ্রাহকের বিশ্বাস অর্জনের ঝুঁকি;
- প্রতারণা ও জালিয়াতির ঝুঁকি;
- তারল্য সংকট ও নগদ অর্থ ব্যবস্থাপনার ঝুঁকি;
- নেটওয়ার্ক ও প্রযুক্তিগত কারণে সেবা প্রদানে প্রতিবন্ধকতার ঝুঁকি;
- সফটওয়ার বা হার্ডওয়ার অকার্যকর হওয়ায় সেবা সরবরাহে ব্যাঘাতের ঝুঁকি;
- উদ্যোক্তার প্রতারণা অথবা অদক্ষতার কারণে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান সমুহের সুনাম বিঘ্নিত হবার ঝুঁকি;
- সেবা প্রদানে অদক্ষতার কারণে গ্রাহকের গোপনীয় তথ্য প্রকাশের ঝুঁকি;
- সর্বোপরি গ্রামের আর্থ-সামাজিক ব্যবস্থায় সুখ্যাতি অর্জনের ঝুঁকি;

# গ্রাম ডিজিটাল বুথ হতে প্রদত্ত সেবার সেবা মূল্য ঃ

(টাকায়)

| | সেবার নাম | সেবামূল্য | উদ্যোক্তা | একপে-জয়তুন |
|---|---|---|---|---|
| | **সরকারী/স্থানীয় সরকারী বিভিন্ন পরিষেবা** | | | |
| ১ | পাসপোর্টের ফি পরিশোধ | | | |
| ২ | পল্লী বিদ্যুৎ/অন্যান্য বিদ্যুৎ বিল পরিশোধ | | | |
| ৩ | জন্ম মৃত্যু নিবন্ধন সংক্রান্ত সেবামূল্য পরিশোধ | | | |
| ৪ | এনআইডি সংক্রান্ত সেবা মূল্য পরিশোধ | | | |
| ৫ | গ্যাস বিল পরিশোধ | | | |
| ৬ | ভুমি উন্নয়ন কর/ভুমি নামজারী সংক্রান্ত সেবামূল্য পরিশোধ | | | |
| ৭ | হোল্ডিং ট্যাক্স পরিশোধ (ইউনিয়ন/পৌর/মহানগর) | | | |
| ৮ | স্থানীয় সরকারের অন্যান্য সেবামূল্য (বিভিন্ন সনদ) পরিশোধ | | | |
| ৯ | সামাজিক নিরাপত্তা বেষ্টনী ভাতা (বিধবা/বয়স্ক/মুক্তিযোদ্ধা/মাতৃত্বকালীন/দুস্থ ইত্যাদি প্রকারের) উত্তোলন | | | |
| ১০ | ট্রেড লাইসেন্সের আবেদন ও ফি জমা | | | |
| ১১ | টিআইএন/বিআইএন এর আবেদন জমা | | | |
| | **শিক্ষা সংক্রান্ত পরিষেবা** | | | |
| ১২ | স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়েরমাসিক/ত্রৈমাসিক বেতন পরিশোধ | | | |
| ১৩ | শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়সমুহের রেজিস্ট্রেশন/অন্যান্য বিল পরিশোধ | | | |
| ১৪ | এমপিওভূক্ত শিক্ষকদের বেতন উত্তোলন | | | |
| ১৫ | স্কুল/শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড/বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেবা মূল্য জমা | | | |
| ১৬ | ছাত্র-ছাত্রীদের উপ-বৃত্তির অর্থ উত্তোলন | | | |
| | **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত সেবা** | | | |
| ১৭ | ডেবিট/ক্রেডিট কার্ড থেকে অর্থ পরিশোধ | | | |
| ১৮ | কিউআরকোড ব্যবহার করে অর্থ পরিশোধ সেবা | | | |
| ১৯ | নিজ ব্যাংক হিসাব হতে অর্থ উত্তোলন সেবা | | | |
| ২০ | নিজ ব্যাংক হিসাবে অর্থ জমা সেবা | | | |

(টাকায়)

| সেবার নাম | | সেবামূল্য | উদ্যোক্তা | একপে-জয়তুন |
|---|---|---|---|---|
| ২১ | নিজ ব্যাংক হিসাব হতে অন্যের ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ সেবা | | | |
| | **আন্ত: ব্যাংক অর্থ স্থানান্তর সেবা** | | | |
| ২২ | অন্যের ব্যাংক হিসাব হতে নিজ ব্যাংক হিসাবে অর্থ আনা | | | |
| ২৩ | ব্যাংক হিসাব হতে নিজের ওয়ালেটে (বিকাশ/নগদ/রকেট ইত্যাদি) অর্থ আনা | | | |
| ২৪ | নিজের ওয়ালেট হতে ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ | | | |
| ২৫ | আন্ত: মোবাইল আর্থিক প্রতিষ্ঠান অর্থ প্রেরণ/গ্রহণ সেবা | | | |
| ২৬ | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/মোবাইল আর্থিক প্রতিষ্ঠানে হিসাব খোলা | | | |
| ২৭ | ঋণের আবেদন জমা | | | |
| ২৮ | ঋণের কিস্তি জমা | | | |
| | **বীমা সংক্রান্ত সেবা** | | | |
| ২৯ | বীমা পলিসির জন্য আবেদন | | | |
| ৩০ | মাসিক প্রিমিয়াম জমা | | | |
| ৩১ | বীমা পলিসির বিপরীতে ঋণের আবেদন | | | |
| ৩২ | ঋণের অর্থ উত্তোলন | | | |
| | **শেয়ার বাজার সংক্রান্ত সেবা** | | | |
| ৩৩ | বেনিফিসিয়ারী হিসাব (বিএ) খোলা | | | |
| ৩৪ | শেয়ার ক্রয় অথবা বিক্রয় করা | | | |
| | **ই-কমার্স/এফএমসিজি সংক্রান্ত সেবা** | | | |
| ৩৫ | অনলাইন মার্কেট প্লেসে মালামালের ক্রয় অর্ডার প্রদান | | | |
| ৩৬ | ক্রয়কৃত মালামাল ডিজিটাল বুথ হতে গ্রহণ | | | |
| ৩৭ | ডিজিটাল বুথ ই-কমার্স প্রতিষ্ঠানের পিকআপ/ডেলিভারী পয়েন্ট হিসেবে ব্যবহারের ক্ষেত্রে প্রতিবার সেবা প্রদানের জন্য সেবামূল্য (ই-কমার্স প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয়) | | | |
| ৩৮ | গ্রামের কোন উৎপাদকের পন্য অনলাইন মার্কেট প্লেসে উঠানো | | | |
| ৩৯ | অন লাইনে উঠানো পন্য বিক্রির আদেশ প্রাপ্তির পর তা ডেলিভারীর জন্য ডিজিটাল বুথ ব্যবহার | | | |
| ৪০ | বিক্রিত মালামালের মূল্য বুঝে নেয়া | | | |

(টাকায়)

| সেবার নাম | | সেবামূল্য | উদ্যোক্তা | একপে-জয়তুন |
|---|---|---|---|---|
| ৪১ | নিত্যপন্য (এফএমসিজি) বিক্রয়কারী প্রতিষ্ঠানের ডেলিভারী পয়েন্ট হিসেবে ডিজিটাল বুথ ব্যবহার | | | |
| ৪২ | নিত্যপণ্য ক্রয়কারী কর্তৃক মূল্য পরিশোধ | | | |
| | **রেমিটেন্সসেবা** | | | |
| ৪৩ | বিদেশ/দেশের মধ্যে অন্যত্র হতে আত্মীয় স্বজনের প্রেরিত অর্থ উত্তোলন | | | |
| | **টেলিফোনের মাধ্যমে মেডিসিন সংক্রান্ত সেবা** | | | |
| ৪৪ | ডিজিটাল বুথ ব্যবহার করে শহর বা দুরবর্তীস্থানের ডাক্তারের পরামর্শ গ্রহণ | | | |
| | **ডিস্ট্রিবিউশন সেবার জন্য ডিজিটাল বুথ ব্যবহার** | | | |
| ৪৫ | যে কোন সেবাদানকারী প্রতিষ্ঠানের ডিস্ট্রিবিউশন নেটওয়ার্কের জন্য প্রতিবার ব্যবহারের ক্ষেত্রে | | | |
| | **মাইক্রো মার্চেন্ট সেবা** | | | |
| ৪৬ | গ্রামের ক্ষুদ্র/অতিক্ষুদ্র ব্যবসা/উদ্যোক্তাদের দেশের বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠানে নাম নিবন্ধন | | | |




ZAYTOON ekpay